রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত-সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, এপ্রিল ২২, ১৯৯৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অর্থ বিভাগ

মনিটরিং সেল

প্রজ্ঞাপন

ঢাকা, ৭ই বৈশাখ ১৪০৩ বাং/২০শে এপ্রিল ১৯৯৬ ইং

এস, আর, ও, নং ৫৫-আইন/৯৬—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ নম্বর অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথাঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই বিধিমালা অর্থ বিভাগের মনিটরিং সেল এর কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ১৯৯৬ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞাসমূহ।**—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "কমিশন" বলিতে বাংলাদেশ সরকারী কর্মকমিশনকে বুঝাইবে;

(খ) "তফসিল" বলিতে অত্র বিধিমালার সহিত যুক্ত তফসিলকে বুঝাইবে;

(গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" বলিতে সরকার বা সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তাকে বুঝাইবে;

(ঘ) "স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড" বলিতে আপাততঃ বলবৎ কোন আইন দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড বুঝাইবে এবং এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড ইহার অন্তর্ভুক্ত হইবে;

(ঙ) "প্রয়োজনীয় যোগ্যতা" বলিতে সংশ্লিষ্ট পদের বিপরীতে উল্লিখিত যোগ্যতাকে বুঝাইবে;



মূল্যঃ টাকা ৩.০০

(চ) "পদ" বলিতে তফসিলে বর্ণিত নির্দিষ্টকৃত কোন পদকে বুঝাইবে;

(ছ) "শিক্ষানবিস" বলিতে নির্দিষ্ট কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তিকে বুঝাইবে।

৩। **চাকুরীতে নিয়োগের পদ্ধতি।**—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে কোন পদে নিম্নলিখিত পদ্ধতিতে নিয়োগদান করা হইবেঃ

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন নির্দিষ্ট পদে নিয়োগ করা যাইবে না, যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে তাঁহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়স-সীমার মধ্যে না হয়। তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন পদে অস্থায়ীভাবে ইতিপূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাঁহার সর্বোচ্চ বয়ঃসীমা শিথিল করা যাইতে পারে।

৪। **সরাসরি নিয়োগ।**—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না;

(২) কমিশনের আওতা বহির্ভূত পদসমূহের ক্ষেত্রে সংশ্লিষ্ট বাছাই/নির্বাচন কমিটির সুপারিশ ব্যতিরেকে কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না;

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবে না যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডোমিসাইলড নাগরিক না হন;

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা ক্ষেত্র বিশেষে তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না যাহা উক্ত পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে, এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন নির্দিষ্টকৃত পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লেখিত ফি সহ যথাযথ ফরমে ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন;

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(ক) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই/নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবেঃ—

তবে শর্ত থাকে যে, তৃতীয় শ্রেণী হইতে দ্বিতীয় শ্রেণী এবং দ্বিতীয় শ্রেণী হইতে প্রথম শ্রেণীর পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে:

(খ) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয় ,তাহা হইলে তিনি উক্ত পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিস।**—(১)(ক) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিসি স্তরে—

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপে নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য নিয়োগ করা হইবেঃ

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসির মেয়াদ এইরূপে সম্প্রসারণ করিতে পারেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাঁহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাঁহার কর্মদক্ষতা অর্জনের সম্ভাবনা নাই সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন;

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিসির মেয়াদ বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর বিনিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসির মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে (৪) উপ-বিধির বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবেন এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিসকে কোন পদে স্থায়ী করা হইবে না যদি না সরকারী আদেশবলে সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাশ করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

তফসিল

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | অতিরিক্ত মহা-পরিচালক (এম, আই, এস)। | | (১) পরিচালক পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | (১) পদোন্নতির ক্ষেত্রে : ফিডার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| | | অনূর্ধ ৪৭ বৎসর | (২) পদোন্নতির যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে অথবা অন্য পদের জন্য যোগ্য সমমর্যাদা এবং সমস্কেলভুক্ত ও সংশ্লিষ্ট কাজে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন সরকারী কর্মকর্তাকে প্রেষণে বদলীর মাধ্যমে। | (২) সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে এম, বি, এ (ফিনান্স) অথবা অর্থনীতি / বাণিজ্য / পরিসংখ্যান শাখার কোন বিষয়ে ১ম শ্রেণীর স্নাতক সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী ; তবে এফ, সি, এম, এ/সি, পি, এ/সি, এ ডিগ্রীসহ উল্লেখিত শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন প্রার্থী অগ্রাধিকার পা বেন। সরকারী/স্বায়ত্বশাসিত বাণিজ্যিক অথবা গবেষণা প্রতিষ্ঠানের আর্থিক ব্যবস্থাপনা/বাণিজ্যিক হিসাব/কষ্টিং এর কাজে সরকারের উপ-সচিব/সমমানের পদে ৫ (পাঁচ) বৎসরসহ সর্বমোট ১৭ (সতর) বৎসরের ১ম শ্রেণীর চাকুরীর অভিজ্ঞতা, তবে উল্লেখিত বিষয়ে পি, এইচ, ডি ডিগ্রীধারী প্রার্থীর বেলায় অভিজ্ঞতা ২ (দুই) বৎসর শিথিলযোগ্য। কম্পিউটার ব্যবহার ও তৎসংশ্লিষ্ট সফ্‌টওয়ার সম্বন্ধে জ্ঞানসম্পন্ন প্রার্থী অগ্রাধিকার পাইবেন। |
| ২। | অতিরিক্ত মহা-পরিচালক (মূল্যায়ন)। | ঐ | ঐ | ঐ |
| ৩। | পরিচালক | | (১) ফিনান্সিয়াল এনালিষ্ট পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | (১) পদোন্নতির ক্ষেত্রে : ফিডার পদে ৫(পাঁচ) বৎসরের চাকুরী। |

| | | | |
|---|---|---|---|
| | অনূর্ধ ৪২ বৎসর | (২) পদোন্নতির যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে অথবা অন্য পদের জন্য যোগ্য, সমমর্যাদা এবং সমস্কেলভুক্ত ও সংশ্লিষ্ট কাজে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন সরকারী কর্মকর্তাকে প্রেষণে বদলীর মাধ্যমে। | (১) সরাসরি নিয়োগের ক্ষেত্রে: কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে এম, বি, এ (ফিনান্স) অথবা অর্থনীতি/বাণিজ্য/পরিসংখ্যান শাখার কোন বিষয়ে ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণীর স্নাতক সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী; তবে এ, সি, এম, এ ডিগ্রীসহ উল্লেখিত শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকার পাইবেন। সরকারী/স্বায়ত্বশাসিত বাণিজ্যিক প্রতিষ্ঠানের কষ্টিং/এম, আই, এস এর কাজে সরকারের সিনিয়র স্কেলভুক্ত পদে/সমমানের পদে ৫ (পাঁচ) বৎসর-সহ সর্বমোট ১২ (বার) বৎসরের ১ম শ্রেণীর চাকুরীর অভিজ্ঞতা। মাইক্রো কম্পিউটার অপারেটিং সিষ্টেম, ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডশীট এবং ডাটা বেইজ এর প্রত্যেকটির যে কোন প্যাকেজে প্রাথমিক জ্ঞান থাকা আবশ্যক। |
| ৪। ফিনান্সিয়াল এনালিষ্ট | | (১) ৬৭% পদ গবেষণা কর্মকর্তা পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | (১) পদোন্নতির ক্ষেত্রে: ফিডার পদে ৭ (সাত) বৎসরের চাকুরী। |
| | অনূর্ধ ৩৭ বৎসর | (২) ৩৩% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে; <br> (৩) পদোন্নতির যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে অথবা অন্য পদের জন্য যোগ্য সমমর্যাদা এবং সমস্কেলভুক্ত ও সংশ্লিষ্ট কাজে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন সরকারী কর্মকর্তাকে প্রেষণে বদলীর মাধ্যমে। | (২) সরাসরি নিয়োগের ক্ষেত্রে: কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে এম, বি, এ অথবা অর্থনীতি/বাণিজ্য/পরিসংখ্যান শাখার কোন বিষয়ে ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণীর স্নাতক সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী, তবে এ, সি, এম, এ ডিগ্রীসহ উল্লেখিত শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন প্রার্থী অগ্রাধিকার পাইবেন। সরকারী/স্বায়ত্বশাসিত বাণিজ্যিক প্রতিষ্ঠানে কষ্টিং/এম, আই, এস এর কাজে ১ম শ্রেণীর পদে ৭ (সাত) বৎসরের অভিজ্ঞতা। মাইক্রো কম্পিউটার অপারেটিং সিষ্টেম, ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডশীট এবং ডাটা বেইজ-এর প্রত্যেকটির যে কোন প্যাকেজে প্রাথমিক জ্ঞান থাকা আবশ্যক। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৫। | প্রোগ্রামার | | The Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী। | |
| ৬। | সিনিয়র কম্পিউটার অপারেটর | | ঐ | |
| ৭। | গবেষণা কর্মকর্তা | অনূর্ধ ৩০ বৎসর | (১) ৩৩% পদ গবেষণা সহকারী পদ হইতে পদোন্নতির মাধ্যমে; (২) ৬৭% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | (১) পদোন্নতির ক্ষেত্রে: ফিডার পদে ১০ (দশ) বৎসরের চাকুরী। (২) সরাসরি নিয়োগের ক্ষেত্রে: কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে এম, বি, এ অথবা অর্থনীতি/পরিসংখ্যান/বাণিজ্য শাখার কোন বিষয়ে ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণীর স্নাতক সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী, তবে আই, সি, এম, এ/সি,এ (ইন্টারমিডিয়েট) ডিগ্রীসহ উল্লেখিত শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন এবং কষ্টিং-এর কাজে অভিজ্ঞ প্রার্থী অগ্রাধিকার পাইবেন। মাইক্রো কম্পিউটার অপারেটিং সিষ্টেম, ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডশীট এবং ডাটা বেইজ-এর প্রত্যেকটির যে কোন প্যাকেজে প্রাথমিক জ্ঞান থাকা আবশ্যক। |
| ৮। | ডাটা এন্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার। | | The Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী। | |
| ৯। | প্রশাসনিক কর্মকর্তা | | (১) হিসাব সহকারী/অফিস সহকারী পদ হইতে পদোন্নতির : | (১) পদোন্নতির ক্ষেত্রে: ফিডার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | অনূর্ধ্ব ৩০ বৎসর | (২) পদোন্নতির যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (২) সরাসরি নিয়োগের ক্ষেত্রে: কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী পাস। সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত/আধা-স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে প্রশাসনিক ও হিসাব সংক্রান্ত কাজে কমপক্ষে ২ (দুই) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ১০। | গবেষণা সহকারী | ঐ | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান, অর্থনীতি, গণিত, একাউন্টিং, ফিন্যান্স বিষয়সহ স্নাতক ডিগ্রী পাস। সরকারী/স্বায়ত্বশাসিত/বাণিজ্যিক প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১১। | হিসাব সহকারী | | মন্ত্রণালয় ও বিভাগসমূহে হিসাব কোষের কর্মকর্তা/কর্মচারী নিয়োগ বিধি, ১৯৮৬ অনুযায়ী। | |
| ১২। | অফিস সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী পাস। |
| ১৩। | টেলিফোন অপারেটর | ঐ | ঐ | কোন স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক অথবা সমমানের পরীক্ষায় পাস। |
| ১৪। | নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক। | ঐ | নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, দপ্তরী, ডেসপাস রাইডার ও এম, এল, এস, এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) নিয়োগ বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী। | |
| ১৫। | ড্রাইভার | ঐ | সরাসরি নিয়োগের মাধ্যমে। | অষ্টম শ্রেণী পাস এবং হালকা ও ভারী যানবাহন চালনায় বৈধ লাইসেন্সধারী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৬। | এস, এল, এস, এস | অনূর্ধ্ব ৩০ বৎসর | | নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, দপ্তরী, ডেসপাস রাইডার ও এস, এল, এস, এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) নিয়োগ বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ জসীম উদ্দিন মোল্লা।
উপ-সচিব।

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আতোয়ার রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।